# দীর্ঘ ১৭ বছর পর চার দফা দাবিতে রংপুরে জামায়াতে ইসলামীর বিশাল জনসভা



সংগৃহীত ছবি

দীর্ঘ ১৭ বছর পর রংপুরে জামায়াতে ইসলামীর এক বিশাল জনসভা অনুষ্ঠিত হয়েছে। জুলাই গণ-অভ্যুত্থানে নিহতদের বিচার, প্রয়োজনীয় সংস্কার শেষে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনসহ চার দফা দাবিতে এই জনসভা অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার (৪ জুলাই) রংপুর জিলা স্কুল মাঠে বিকেল ৩টা থেকে শুরু হওয়া এই সমাবেশ ঘিরে সকাল থেকেই দলের নেতা-কর্মীদের ঢল নামে। ২০০৮ সালের পর এটিই জামায়াতের প্রথম বড় জনসভা রংপুরে। তাই নেতাকর্মীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়। এর আগে জনসভা উপলক্ষে শহরজুড়ে তোরণ নির্মাণ, মাইকিং, পোস্টার ও ব্যানার লাগিয়ে ব্যাপক প্রচারণা চালানো হয়।

জনসভাস্থলেই অনুষ্ঠিত হয় জুমার নামাজ। ইমামতি করেন জামায়াতের ওলামা বিভাগের রংপুর জেলা সভাপতি মাওলানা নুরুল আমিন।

এই জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দলটির আমির ডা. শফিকুর রহমান। প্রধান বক্তার আসনে বক্তব্য রাখেন সম্প্রতি কারামুক্ত হওয়া কেন্দ্রীয় নেতা এটিএম আজহারুল ইসলাম।

এছাড়াও জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলামসহ শীর্ষস্থানীয় নেতারা বক্তব্য রাখেন।

দীর্ঘদিন রাজনীতিতে নিষ্ক্রিয় থাকায় এই সমাবেশকে ঘিরে রাজনৈতিক অঙ্গনে কৌতূহল ও আলোচনার জন্ম দিয়েছে। বিশেষ করে আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে জামায়াতের মাঠে নামার এই প্রচেষ্টা স্থানীয় ও জাতীয় রাজনীতিতে নতুন মাত্রা যোগ করতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।